গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা
www.powerdivision.gov.bd

স্মারক নং : ২৭.০০.০০০০.০০০.০৫২.৯৯.০০২.২৬.৫৯৫ তারিখ: ২৮শে শ্রাবণ ১৪৩৩ / ১২ই আগস্ট ২০২৬

বিষয়: শপিংমল, মার্কেট ও দোকানসমূহ সকাল ১১.০০ টা হতে রাত ৮:০০ টা পর্যন্ত খোলা রাখা

সূত্র : বিদ্যুৎ বিভাগের সমন্বয়-২ শাখার স্মারক নম্বর ২৭.০০.০০০০.০০০.০৫২.৯৯.০০২.২৬.৩৯৪; তারিখ : ১১ জুন ২০২৬

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিত জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকের মাধ্যমে ১১ জুন ২০২৬ তারিখ হতে বিভিন্ন শপিংমল, মার্কেট ও দোকানসমূহ রাত ৯:০০ টা পর্যন্ত খোলা রাখার বিষয়ে সরকারি সিদ্ধান্ত বলবৎ ছিল। অদ্য ১২ আগস্ট ২০২৬ তারিখ হতে বিভিন্ন শপিংমল, মার্কেট ও দোকানসমূহ সকাল ১১.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত খোলা রাখা, সকল প্রকার আলোকিত বিলবোর্ড সন্ধ্যা ৭.০০ টার মধ্যে বন্ধকরণ এবং সকল প্রকার আলোকসজ্জা বন্ধ রাখার বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এই সময়সীমা দেশের বিভিন্ন প্রান্তে চলমান এবং অনুষ্ঠিতব্য মেলা/বাণিজ্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। তবে খাবারের দোকান, হাসপাতাল, ঔষধের দোকান ইত্যাদি এর আওতা বহির্ভূত থাকবে।

০২। এমতাবস্থায়, বিভিন্ন শপিংমল, মার্কেট ও দোকানসমূহ সকাল ১১.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত খোলা রাখা, সকল প্রকার আলোকিত বিলবোর্ড সন্ধ্যা ৭.০০টার মধ্যে বন্ধকরণ, সকল প্রকার আলোকসজ্জা বন্ধ রাখা এবং দেশের বিভিন্ন প্রান্তে চলমান/অনুষ্ঠিতব্য মেলা/বাণিজ্য মেলা ও সাংস্কৃতিক অনুষ্ঠান রাত ৮.০০ টার মধ্যে বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মো: মামুন ভূঁইয়া
উপসচিব
ফোন : ০২-৪৭১২০৩০৮
ইমেইল : coord-2@pd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মেয়র/প্রশাসক সিটি কর্পোরেশন (সকল);
০২। বিভাগীয় কমিশনার (সকল); এবং
০৩। জেলা প্রশাসক (সকল)।

স্মারক নং : ২৭.০০.০০০০.০০০.০৫২.৯৯.০০২.২৬.৫৯৫ তারিখ: ২৮শে শ্রাবণ ১৪৩৩ / ১২ই আগস্ট ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা;
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/ওজোপাডিকো/নেসকো;
০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
০৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৮। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ দোকান মালিক সমিতি, ২১৭/এ আউটার, সার্কুলার রোড, ৫ম তলা, মগবাজার, ঢাকা;
০৯। সভাপতি/সম্পাদক, ঢাকা দোকান মালিক সমিতি, ঢাকা;
১০। অতিরিক্ত সচিব (সমন্বয় অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ, ঢাকা; এবং
১১। অফিস কপি।

মো: মামুন ভূঁইয়া
উপসচিব